Mrs. Surekha Deep Mr. Kishor Deep Mr. Satyam Deep Mr. Anil Deep	**08-05-2024 05-09-2024**	**Rs.21,98,053/-** (Rupees Twenty One Lakh Ninty Eight Thousand Fifty Three only)	Flat No. 37 (Plot Area 992 sq ft), Janta House, Chb-shankar Nagar-janta House Janta Colony, Near Housing Board Office, Sector-01, At Shankar Nagar, Zone-02, Tehsil And District-Raipur, Chhattisgarh. - 492001
Mrs. Kritika Nirmalkar Mrs. Shakun Bai Nirmalkar Mr. Kamlesh Nirmalkar	**06-06-2024 05-09-2024**	**Rs.3,34,132/-** (Rupees Three Lakh Thirty Four Thousand One Hundred Thirty Two only)	Flat No. 28, Block-4, RMC-green Ambiance Kachna-899 Near Anandam World City, GAD Colony, Kachna Road, Raipur, Chhattisgarh,492007

Date : 07/09/2024
Place : Chhattisgarh

(Sharik Saudagar)- Authorised Officer
For **SVATANTRA MICRO HOUSING FINANCE CORPORATION LIMITED**

Government of West Bengal
Panchayats and Rural Development Department
Office of the Superintending Engineer
RRNMU Bardhaman Circle
Vill.- Malkita, P.O.- Bhita, Block- Burdwan-I, Dist.- Purba Bardhaman, PIN-713102

ABRIDGED TENDER NOTICE (E-Tender)

e-NIT No. 10/SE/RRNMU-Bwn-Circle/2024-25 (1st Call)

Sealed percentage rate tender through online for 2 (Two) nos. Post Five Year Maintenance Works of Roads through e-Marg in prescribed format are invited from resourceful, bonafied & experienced contractors who have successfully completed road or Maintenance of road Work of PMGSY, PWD, CPWD, Zilla Parishad and any other Govt. Department. For further details please visit website **www.wbtenders.gov.in** from 07.09.2024, 10:00 hrs onwards.

Sd/-
Superintending Engineer
P&RD Department, Govt. of West Bengal
RRNMU, Bardhaman Circle

LEGAL NOTICE
TO WHOSOEVER IT MAY CONCERN

Notice is hereby given that my client Neha Balasaria, residing at Flat No. 1, 3rd Floor, 98 Christopher Road, P.S. - Topsia, Kolkata - 700046, has entered into an agreement for purchase of **land measuring about 14,400 sq.ft. equivalent to 20 Cottahs or 1 Bigha, be the same a little more or less, lying and situated at Mouza - Satghoria, J. L. No. 27, within the limits of Beldubi Gram Panchayat under Police Station - Panchla, A. D. S. R. O - Ranihati, in the District of Howrah, appertaining to Khatian No. 174 in Dag No. 406, measuring an area of 12.00 decimals equivalent to 5232 sq. ft. Khatian No. 245 and 606 in Dag No. 407, 306, 610 in Dag No. 417, measuring about 1.10 decimals equivalent to 480 sq. ft. and Khatian Nos. 21, 108, 400, 451/1, 230, 165, 381, 650 and 98 in Dag No. 418 measuring an area of 2.67 decimals equivalent to 1166 sq.ft.,** from its present Owner Saroj Devi Goel of 268, Pushpanjali Apartment, Phase II, 2nd Floor, P. O. & P. S. - Liluah, Howrah 711204.

If anybody and any authority has any right, title, interest and claim over the said land then kindly contact with the undersigned in writing with all relevant documents within 7 (Seven) days from the date hereof. No claim will be entertained about the same after expiry of the aforesaid 7 days period, thereafter it will be presumed that the aforesaid land is free from all encumbrances and my client shall have absolute right, title and interest over the aforesaid land once purchased by Deed of Sale".

AJIT KESHARI, Advocate
8/2, Kiran Shankar Roy Road
Kolkata - 700 001
Ph. : 9831315115

বৌবাজারে মেট্রোর টানেলে জল সরানো হল বাসিন্দাদের, ক্ষোভ

আজকালের প্রতিবেদন

ইস্ট–ওয়েস্ট মেট্রোর কাজের জেরে ফের বিপত্তি বৌবাজারে। বৃহস্পতিবার রাতে দুর্গাপিতুরি লেনে মাটির নিচ থেকে জল বের হতে থাকায় স্থানীয়দের মধ্যে আতঙ্ক সৃষ্টি হয়। কলকাতা মেট্রো রেল কর্তৃপক্ষ (কেএমআরসিএল) ইতিমধ্যেই ওই এলাকার বাসিন্দাদের অন্যত্র সরিয়ে দেওয়ার ব্যবস্থা করে। এই ঘটনার প্রতিবাদে শুক্রবার সকালে সেন্ট্রাল মেট্রো স্টেশনের ভিতর ঢুকে বিক্ষোভ দেখান তাঁরা। এই ঘটনা প্রসঙ্গে মেট্রো কর্তৃপক্ষের বক্তব্য, এবারের জল লিকেজ হওয়ার ঘটনা গুরুতর বিষয় নয়। কলকাতা পুলিশ ও পুরসভার তরফে মেট্রো কর্তাদের সঙ্গে যোগাযোগ রাখা হচ্ছে।

মেট্রো রেল ও কলকাতা পুলিশ সূত্রের খবর, ওইদিন রাত ১০টা নাগাদ মুচিপাড়া থানা এলাকার বৌবাজারে মেট্রোর নির্মীয়মাণ টানেল থেকে জল বের হতে দেখা যায়। মেট্রোর আধিকারিকরা ঘটনাস্থলে পৌঁছে ওই এলাকার ৫টি বাড়ির ৫২ জন বাসিন্দাকে সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে কাছাকাছি একটি হোটেলে সরিয়ে নিয়ে যাওয়ার ব্যবস্থা করেন। এদিন সকালে কেএমআরসিএলের আধিকারিকরা ঘটনাস্থল পরিদর্শনে গেলে এলাকাবাসীরা তাঁদের ঘিরে বিক্ষোভ দেখান। স্থানীয় কাউন্সিলরের নেতৃত্বে তাঁরা বি বি গাঙ্গুলি স্ট্রিট অবরোধ করেন। কেএমআরসিএল কর্তৃপক্ষ জানিয়েছে, ১ সেপ্টেম্বর পূর্বমুখী টানেলের সঙ্গে ক্রস প্যাসেজ সংযোগ সম্পন্ন হয়েছে। তারপর ওইদিন ইংরেস শ্যাফটে সেক্যান্টপাইল দেওয়াল কাটার সময় সামান্য জল ঢুকতে দেখা যায়।

পাতিপুকুরের বিধানপল্লীর বাসিন্দা সবিতা বোস মণ্ডল হার্ট অ্যাটাক নিয়ে আর জি করে আসেন। প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেওয়া হয়। ফিরিয়ে নিয়ে যাওয়া হয় তাঁকে। শুক্রবার। ছবি: তপন মুখার্জি

আইসিএসইর অঙ্ক পরীক্ষার সময়সীমা বেড়ে হল তিন ঘণ্টা

আজকালের প্রতিবেদন

আইসিএসই বা দশম শ্রেণির অঙ্ক পরীক্ষার সময়সীমা আধ ঘণ্টা বাড়াল সিআইএসসিই। আগামী বছর, ২০২৫ সাল থেকে এই নতুন নিয়ম চালু হবে। শুক্রবার কাউন্সিল ফর দ্য ইন্ডিয়ান স্কুল সার্টিফিকেট এগজামিশনেশনস (সিআইএসসিই)–এর পক্ষ থেকে বিজ্ঞপ্তি দিয়ে এ কথা জানানো হয়েছে। এতদিন আইসিএসই–তে অঙ্ক পরীক্ষার সময়সীমা ছিল আড়াই ঘণ্টা। আগামী বছর থেকে যা বাড়িয়ে তিন ঘণ্টা করা হয়েছে। তবে সময়সীমা বাড়লেও প্রশ্নপত্রের ধরন, প্রশ্নের সংখ্যা ইত্যাদি বিষয়গুলি একই থাকবে বলে জানিয়েছে কাউন্সিল। ইতিমধ্যেই কাউন্সিলের অধীনস্থ স্কুলগুলিতে জাতীয় শিক্ষানীতি কার্যকর হয়েছে। এ বছর থেকে আইসিএসই (দশম) এবং আইএসসি (দ্বাদশ)–এর পরীক্ষার প্রশ্নপত্রে বদল আনা হয়েছে। প্রতিটি বিষয়েই ১৫ শতাংশ দক্ষতাভিত্তিক এবং চিন্তাশীল প্রশ্ন (ক্রিটিক্যাল থিঙ্কিং) ছিল। আগামী বছর, অর্থাৎ ২০২৫ সালে এই ধরনের প্রশ্নের সংখ্যা বেড়ে ২০ থেকে ২৫ শতাংশ হওয়ার কথা। মুখস্থ নয়, এই ধরনের প্রশ্নের উত্তর লেখার ক্ষেত্রে ছাত্রছাত্রীরা নির্দিষ্ট বিষয়ে কতটা দক্ষতা অর্জন করেছে, বিষয় সম্পর্কে তাদের ধারণা পরিষ্কার কি না, সেটা দেখা হয়। অঙ্কের ক্ষেত্রেও এই ধরনের প্রশ্ন এসেছিল। আগামী বছর তা আরও বাড়বে। সেই কারণেই অঙ্কের সময়সীমা বাড়ানো হয়েছে বলে বিভিন্ন স্কুল সূত্রে জানা গেছে।

বিশ্বভারতীর তৃতীয় বর্ষের ছাত্রীর রহস্যমৃত্যু

আজকালের প্রতিবেদন

বিশ্বভারতীর শিল্প সদনের তৃতীয় বর্ষের ছাত্রী অনামিকা সিংহের অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় নতুন তথ্য সামনে এল। তার সহপাঠী ও বিশ্বভারতীর শিল্প সদনের অধ্যাপকদের থেকে জানা গিয়েছে আগস্ট মাসের ৮ তারিখ অনামিকার ভাইয়ের গুরুতর দুর্ঘটনা ঘটেছে বলে জানায় সে। চিকিৎসার জন্য প্রচুর টাকার প্রয়োজন বলে দাবি করে। তার সহপাঠী ও শিক্ষকরা ৬০ থেকে ৭০ হাজার টাকা তুলেও দেয়। কিন্তু তারপর ক্লাসে অনিয়মিত ও উদাসীন ভাবেই দেখা যেত অনামিকাকে। বৃহস্পতিবার শিক্ষক দিবসের অনুষ্ঠানেও যায়নি। ওইদিন সন্ধ্যায় তাঁকে আম্রপালি গার্লস হস্টেলে অচৈতন্য অবস্থায় উদ্ধার করা হয়। তারপরেই তাঁকে নিয়ে আসা হয় বিশ্বভারতীর পিয়ারসন মেমোরিয়াল হাসপাতালে। সেখানে অবস্থার অবনতি হওয়ায় নিয়ে যাওয়া হয় বোলপুর মহকুমা হাসপাতালে। সেখানেই চিকিৎসা চলাকালীন তাঁর মৃত্যু হয়।

আগামিকাল রাত দখল পরশু ভোর দখলের ডাক

আজকালের প্রতিবেদন

ফের ‘রাত দখল’ কর্মসূচির ডাক দিলেন আয়োজকরা। আগামিকাল ৮ সেপ্টেম্বর, রবিবার, ওই কর্মসূচির ডাক দেওয়া হয়েছে। রাত ১১টায় শুরু হবে কর্মসূচি। পাশাপাশি উত্তরবঙ্গেও হবে ‘ভোর দখল’ কর্মসূচি। শিলিগুড়ির হাসমিচকে ওই কর্মসূচি পালিত হবে। ৯ সেপ্টেম্বর, সোমবার, কর্মসূচিতে থাকার কথা টেবিলটেনিস তারকা মান্তু ঘোষের। শুধু শিলিগুড়ি নয়, অন্য জায়গাতেও একইভাবে সকলকে পথে নামার ডাক দিয়েছেন তাঁরা। প্রসঙ্গত, আর জি কর কাণ্ডের পরে ১৪ আগস্ট ‘মেয়েদের রাত দখল কর, দিন বদল কর’ কর্মসূচির ডাক দেওয়া হয়েছিল। সেদিন কলকাতা–সহ রাজ্যের বিভিন্ন প্রান্তে এই কর্মসূচি পালিত হয়েছিল। এরপর দফায় দফায় বিভিন্ন জায়গায় ‘রাত দখল’ কর্মসূচি পালিত হয়। দ্বিতীয় পর্বে, ৮ সেপ্টেম্বরের কর্মসূচিতে মূলত যাঁরা ব্যান্ডের সঙ্গে যুক্ত, তাঁরা যোগ দেবেন বলে আয়োজকদের তরফে জানানো হয়েছে। এদিকে, ৮ সেপ্টেম্বর বিকেল ৪টে নাগাদ প্রতাপগড় থেকে গড়িয়া শীতলামন্দির পর্যন্ত মিছিল হবে। বিডি মেমোরিয়াল ইন্টারন্যাশনালের প্রাক্তন ছাত্র–ছাত্রীরা এতে অংশ নেবেন।

আমিও পুরস্কার প্রত্যাখ্যান করতাম: সুবোধ

আজকালের প্রতিবেদন

‘রাজ্য সরকারের পুরস্কার পেলে প্রত্যাখান করতাম। কবিতা অ্যাকাডেমি পদ ছাড়ব কিনা ভাবছি। এই নব জাগরণ অভূতপূর্ব। শাসক দলেরও শেখা উচিত।’ আর জি কর–এর ঘটনায় শুক্রবার এই মন্তব্য করেছেন কবি সুবোধ সরকার। এদিন এক টিভি চ্যানেলে দেওয়া সাক্ষাৎকারে এ কথা বলেন তিনি। বলেন, কাঞ্চন মল্লিকের কথায় আমিও অপমানিত বোধ করছি। তারপরই জানান, রাজ্য সরকারের কোনও পুরস্কার যদি তিনি পেতেন তাহলে তা প্রত্যাখান করতেন। বলেন, ‘কাঞ্চন মল্লিকের কথা শুনতে শুনতে খুব অপমানিত হলাম আমিও। এভাবে একজন বিধায়ক বলতে পারে? আমিও ওঁদের মতো (যাঁরা পুরস্কার ফেরত দিচ্ছেন) পুরস্কার ত্যাগ করে দিতে পারি। কিন্তু দেখলাম গত ১৩ বছরে আমি রাজ্য সরকারের কোনও অ্যাকাডেমি, সাহিত্যের সঙ্গে যুক্ত কোনও অ্যাকাডেমি থেকে কোনও পুরস্কার পাইনি। পেলে হয়তো পুরস্কার ফেরত দিতাম।’ কবিতা অ্যাকাডেমির সর্বোচ্চ, চেয়ারম্যান পদে আসীন তিনি। তবে কি সেখান থেকে পদত্যাগ করবেন? জবাবে বলেন, ‘পদত্যাগ করে দিতে পারি। ভাবছি।’ আর জি করের ঘটনাকে কেন্দ্র করে হওয়া আন্দোলন নিয়ে বলেন, ‘এই জনজোয়ার, জন জাগরণ বলা যায়। এর মধ্যে একটা অন্য ইতিহাস তৈরি হচ্ছে। সেটা হচ্ছে জনগণের ইতিহাস। এটা সমস্ত রাজনৈতিক দলের কাছেই শিক্ষণীয়।’

আর জি করে কর্মবিরতির জেরে

● ১ পাতার পর

অভিযোগ, সেখানে তিনি প্রায় তিন ঘণ্টা বিনা চিকিৎসায় পড়েছিলেন। পরে সেখানেই তাঁর মৃত্যু হয়। যুবকের বাড়ি কোন্নগরের বিবেকনগর ঘাটিক জঙ্গল বাই লেনে। মা ও দিদিমাকে নিয়ে একটি বাড়িতে তিনি ভাড়া থাকতেন।

এদিন বিক্রমের মৃত্যুর পর তাঁর মা বলেন, ‘আমার ছেলেটা রক্তাক্ত অবস্থায় ছটফট করছিল। ইমারজেন্সিতে এক ম্যাডামকে সে কথা জানালে তিনি বলেন আউটডোরে চলে যেতে। আমার ছেলের অবস্থা গুরুতর ছিল। তাই আমি তাকে নিয়ে কোথাও যেতে পারিনি। বারবার ওঁদের অনুরোধ করেছি। কিন্তু কোনও ডাক্তার আসেনি।’ তিনি আরও বলেন, ‘আমার একটাই ছেলে ছিল। আজ বিনা চিকিৎসায় মারা গেল। আন্দোলন চলছে, ঠিক আছে। কিন্তু এ ভাবে আর কত মায়ের কোল খালি হবে? এর কি কোনও বিচার হবে না? আমার ছেলের এমন মৃত্যুর জন্য আমি কি বিচার পাব না?’ খবর পেয়ে এদিন সন্ধ্যে তাঁর বাড়ি যান কোন্নগর পুরসভার চেয়ারম্যান স্বপন দাস ও স্থানীয় কাউন্সিলর বাবলু পাল। উল্লেখ্য, আন্দোলনের ২৯ দিন পেরিয়ে গেলেও এখনও কর্মবিরতিতে অনড় রাজ্যের জুনিয়র ডাক্তাররা। বাড়ছে রোগীদের হয়রানিও। এরই মধ্যে শনিবার ফের মহামিছিলের ডাক দিয়েছেন চিকিৎসকেরা। যে–সব রোগীকে ভর্তি রেখে চিকিৎসা করার কথা, তাদের নেওয়া হচ্ছে না। জরুরি বিভাগে প্রাথমিক চিকিৎসাটুকু কোনও রকমে দিয়ে ছেড়ে দেওয়া হচ্ছে। চিকিৎসকের দেখা না পাওয়ায় ওপিডিতে এসেও বহু রোগীকে ফিরে যেতে হচ্ছে। আবার ভর্তি–থাকা রোগীদের ছুটি করিয়ে বাড়ি নিয়ে যেতে বলা হচ্ছে বলে অভিযোগ রোগীর পরিবারের। শুক্রবার আর জি কর মেডিক্যাল কলেজ হাসপাতালে আসেন পাতিপুকুরের বিধানপল্লীর বাসিন্দা সবিতা বোস মণ্ডল। তিনি হৃদরোগে আক্রান্ত হন। জরুরি বিভাগে আসেন। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাঁকে দেখে ভর্তি না নিয়ে প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেন বলে জানান পরিবারের সদস্যরা। কলকাতা মেডিক্যাল কলেজ হাসপাতালে আসা এক রোগীর আত্মীয় বলেন, ‘রোগীর জন্ডিস হয়েছে। ওপিডিতে নিয়ে এসেছেন দেখাতে। ডাক্তার নেই, কেউ দেখছেন না ঠিক করে। ভর্তি করার কথা, কিন্তু নিচ্ছে না।’ মনোয়ারা খাতুন এসেছিলেন তপসিয়া থেকে। পেটে মারাত্মক যন্ত্রণা। তিনি চিকিৎসকের দেখা পাননি বলে অভিযোগ। আজ, শনিবার রাজ্যের সর্বস্তরের চিকিৎসক, নার্স, স্বাস্থ্যকর্মী ও নাগরিকদের নিয়ে মহামিছিলের ডাক দেওয়া হয়েছে।

ডেঙ্গি: ৭ জেলাকে সতর্কতা মুখ্য সচিবের

আজকালের প্রতিবেদন

ডেঙ্গি পরিস্থিতি নিয়ে রাজ্যের ছয় থেকে সাত জেলাকে সতর্ক করলেন রাজ্যের মুখ্য সচিব মনোজ পন্থ। মুর্শিদাবাদ, মালদা, পশ্চিম মেদিনীপুর, উত্তর ২৪ পরগনা, জলপাইগুড়ি, দার্জিলিঙের মতো জেলাগুলিতে ডেঙ্গি আক্রান্তের সংখ্যা ক্রমশ বাড়ছে। রাজ্যের ডেঙ্গি পরিস্থিতি নিয়ে নবান্নে শুক্রবার জরুরি এক বৈঠক হয়। সংশ্লিষ্ট ওই জেলাগুলিকে ডেঙ্গি নিয়ন্ত্রণের ওপর আরও জোর দিতে বলা হয়েছে। বিভিন্ন জেলায় ডেঙ্গি নিয়ে কাজ করতে কী কী সমস্যা হচ্ছে তা নিয়ে জেলা ভিত্তিক রিপোর্ট মুখ্যসচিব চান বৈঠকে। হাসপাতালগুলিতে ফিভার ক্লিনিক চালু থাকার নির্দেশ দেওয়া হয়। ডেঙ্গি হটস্পট এলাকাগুলি চিহ্নিত করে যাবতীয় পদক্ষেপ নেওয়ার জন্য বলেন। এদিন প্রায় দু’ঘণ্টা ধরে জেলাশাসকদের সঙ্গে বৈঠক করে এক গুচ্ছ জরুরি নির্দেশ দেন মুখ্যসচিব মনোজ পন্থ। বৈঠকে স্বাস্থ্য দপ্তরের আধিকারিকরাও ছিলেন।

এ বছর ডেঙ্গি নিয়ে এখনও উদ্বেগজনক পরিস্থিতি তৈরি হয়নি বলে জানিয়েছে স্বাস্থ্য দপ্তর। কিন্তু আগামী দিনে ডেঙ্গি বাড়ার আশঙ্কা রয়েছে। ইতিমধ্যেই ডেঙ্গি, ম্যালেরিয়ায় আক্রান্তের ভিড় বাড়তে শুরু করেছে বিভিন্ন হাসপাতালে। সরকারিতে ঠিকমতো চিকিৎসা না পাওয়ায় বেসরকারি হাসপাতাল এবং প্রাইভেট চেম্বারে ভিড় বাড়ছে জ্বরের রোগীর। জ্বর হলে রক্ত পরীক্ষা করিয়ে নেওয়ার পরামর্শ দিচ্ছেন চিকিৎসকরা। জেলায় বাড়ি বাড়ি গিয়ে জ্বরের রোগীদের খোঁজ নেওয়ার জন্য নির্দেশ দিয়েছে স্বাস্থ্য দপ্তর। কারও জ্বর হলে স্থানীয় হাসপাতালে নিয়ে গিয়ে যথাযথ চিকিৎসার ব্যবস্থা করার জন্য জেলাশাসকদের বলা হয়েছে।

SMVD POLYPACK LIMITED
CIN: L25200WB2010PLC141483
Registered Office : Imagine Techpark, Plot No.6, DP Block 24th Floor, Room No- 5A, Sector V, Bidhan Nagar, West Bengal - 700091
E-mail : smvd513@gmail.com • Website: www.smvdpolypack.com

NOTICE

Pursuant to Section 108 of the Companies Act, 2013 and the Rules framed there under and applicable MCA & SEBI circulars, this is to inform you that the Company has completed dispatch on 4th September, 2024 of the Annual Report along with the Notice for 15th Annual General Meeting for the FY 2023-24 to be held on 30th September, 2024 at 10.00 A.M. through VC / OAVM to transact the business set out in the Notice of AGM sent through electronic mode. The Notice of AGM and the Annual Report is also available on the website of the Company at www.smvdpolypack.com and on the website of NSDL at www.evoting.nsdl.com and on the website of NSE.
The facility of remote e-voting & e-voting during the meeting is available for the members to cast their vote electronically through e-voting services provided by NSDL on all resolutions, to transact the business set out in the Notice of the AGM. The remote e-voting period shall commence on 27.09.2024 at 9.00 A.M. and end on 29.09.2024 till 5.00 p.m., after which voting shall not be allowed and the e-voting module shall be disabled by NSDL. Any person, who acquires shares of the Company and becomes member after dispatch of the Notice of the meeting and holding shares as on the cut-off date i.e. 24.09.2024, may obtain the User ID and password by sending a request to NSDL at evoting@nsdl.com or Issuer/RTA. However, if you are already registered with NSDL for remote e-voting, then you can use your existing user ID and password or you may follow steps mentioned in the Notice of the AGM under(Step 1 :"Access to NSDL e-Voting system"). The detailed procedure for obtaining User ID and password is also provided in the Notice of the meeting. A member whose name is recorded in the register of members/beneficial owners with the depository as on the cut-off date will only be allowed to vote through remote e-voting or e-voting during the AGM. After voting through remote e-voting members may attend the meeting but shall not be allowed to vote again.
In case of queries/grievances with regard to e-voting, members may contact to NSDL: Ms. Pallavi Mhatre, Senior Manager, NSDL at evoting@nsdl.com or call 022-4886 7000.

Place: Kolkata
Date: 05.09.2024

For **SMVD Poly Pack Ltd.**
Sd/- **Shikha Agarwal**
(Company Secretary)

রেলিগেয়ার ফিনভেস্ট লিমিটেড
CIN NO. U74999DL1995PLC064132
RELIGARE Values that bind | SME LOANS
দাবির বিজ্ঞপ্তি
নথিবদ্ধ কার্যালয়: ১৪০৭, ১৪তম ফ্লোর, চিরঞ্জীব টাওয়ার, ৪৩, নেহরু প্লেস, নয়া দিল্লি- ১১০০১৯।
কর্পোরেট কার্যালয়: ম্যাক্স হাউস, ৭তম ফ্লোর, ব্লক এ, ড. ঝা মার্গ, ওখলা ফেস-৩, ওখলা ইন্ডাস্ট্রিয়াল এস্টেট, নয়া দিল্লি ১১০০২০।

সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ ধারা ১৩(২)- এর অধীনে বিজ্ঞপ্তি

আমরা **রেলিগেয়ার ফিনভেস্ট লিমিটেড**, সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (২০০২- এর ধারা ৫৪) ধারা ১৩(২)-এর অধীনে এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) নিয়মাবলী, ২০০২ ধারা ১৩(২) তৎসহ পঠিত নিয়ম ৩ থেকে পাওয়া ক্ষমতা অনুযায়ী আমাদের অনুমোদিত আধিকারিকের মাধ্যমে একটি দাবির বিজ্ঞপ্তি দিয়েছিলাম। এর বিষয়বস্তু হল মূল সুদের কিস্তি প্রদানের ক্ষেত্রে আপনারা প্রতিশ্রুতিবদ্ধ অর্থ প্রদান ইত্যাদিতে ব্যর্থ হয়েছেন। বকেয়া পরিমাণটি নীচে উল্লেখ করা হয়েছে:

১. **মেসার্স সরস্বতী ভিনকম লিমিটেড, এর ডিরেক্টরগণ দ্বারা পরিচালিত**, ২২৪, দশম তল, কৃষ্ণ বিল্ডিং, এ জে সি বোস রোড, কলকাতা(পশ্চিমবঙ্গ)-৭০০০১৭, মোবাইল নং ৯৮৩১৭৪৮৪৬৯, ইমেল আইডি: sarswati.vincom@rediffmail.com। **এছাড়াও মেসার্স সরস্বতী ভিনকম** লিমিটেড, এর ডিরেক্টরগণ দ্বারা পরিচালিত, ঠিকানা: ফ্ল্যাট নং ৩বি, রাধিকা বিহার, ১১/৩এম, ওল্ড বালিগঞ্জ, দ্বিতীয় লেন, তৃতীয় তল, কলকাতা (পশ্চিমবঙ্গ)-৭০০০১৯।

২. **মেসার্স রজত এস্টেটস্ অ্যান্ড ক্রেডিট প্রাইভেট লিমিটেড, এর ডিরেক্টরগণ দ্বারা পরিচালিত**, ঠিকানা: ফ্ল্যাট নং ৩বি, রাধিকা বিহার, ১১/৩এম, ওল্ড বালিগঞ্জ, দ্বিতীয় লেন, তৃতীয় তল, কলকাতা (পশ্চিমবঙ্গ)-৭০০০১৯, মোবাইল নং ৯৮৩১৭৪৮৪৬৯, ইমেল আইডি ajayjhunjhuntmailwala.@com। **এছাড়াও:** মেসার্স রজত এস্টেটস্ অ্যান্ড ক্রেডিট প্রাইভেট লিমিটেড, এর ডিরেক্টরগণ দ্বারা পরিচালিত, প্রযত্নে মেসার্স সরস্বতী ভিনকম লিমিটেড, ২২৪, দশম তল, কৃষ্ণ বিল্ডিং, এ জে সি বোস রোড, কলকাতা(পশ্চিমবঙ্গ)- ৭০০০১৭।

বিষয়: সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিন্যানশিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (সারফায়েসি আইন, ২০০২)-এর ১৩(২) নং ধারা সঙ্গে সংশোধনীর অনুসারে সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ অনুযায়ী দাবির বিজ্ঞপ্তি।

মেসার্স রেলিগেয়ার ফিনভেস্ট লিমিটেডের (আরএফএল) সিকিউরাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর বিধান অনুসারে অনুমোদিত অফিসার হিসাবে আমি, নিম্নস্বাক্ষরকারী, যার নিবন্ধিত দপ্তরের ঠিকানা ১৪০৭, ১৫ তম তলা, চিরঞ্জীব টাওয়ার, ৪৩, নেহরু প্লেস, নয়া দিল্লি ১১০ ০১৯, যার কর্পোরেট অফিস রয়েছে ম্যাক্স হাউস, ৮ম তলা, ব্লক এ, ডঃ ঝা মার্গ, ওখলা, ফেজ-৩, ওখলা ইন্ডাস্ট্রিয়াল এস্টেট, নয়াদিল্লি- ১১০ ০২০, (এরপরে 'আরএফএল' হিসাবে উল্লিখিত) এতদ্বারা আপনাদের সকলকে একটি নতুন বিজ্ঞপ্তি দিচ্ছি যার বিস্তারিত বিবরণ নীচে দেওয়া হল:

১. জানানো হচ্ছে যে আপনারা, উপরোক্ত ঠিকানাধারীরা মেসার্স রেলিগেয়ার ফিনভেস্ট লিমিটেড (আরএফএল) থেকে সুরক্ষিত সম্পদের ভিত্তিতে ঋণের সুবিধা গ্রহণ করেছেন যার সংশ্লিষ্ট অ্যাকাউন্ট নং- **এসএল১১৭১১ তারিখ** ২৩.০৭.২০০৯, ঋণের পরিমাণ ১০,০০,০০,০০০ **টাকা (দশ কোটি টাকা মাত্র)** (এরপরে **'উক্ত সুবিধার চুক্তি'** হিসাবে উল্লেখ করা হয়েছে) যার মাধ্যমে আপনি উপরে উল্লিখিত আর্থিক সুবিধা/ ঋণ পেয়েছিলেন এবং উক্ত ঋণ পরিচালনাকারী শর্তাবলী মেনে চলতে সম্মত হয়েছিলেন, আরও সুনির্দিষ্ট ভাবে **'উক্ত সুবিধার চুক্তি'**-তে বিবরণ দেওয়া হয়েছে।

২. **'উক্ত সুবিধার চুক্তি'**-র পরিপ্রেক্ষিতে, আপনারা অর্থাৎ উপরোক্ত ঠিকানাধারীরা দ্বিতীয় তফসিলে বর্ণিত সম্পত্তির ক্ষেত্রে (এর সঙ্গে সংযুক্ত) একটি সমতুল্য বন্ধকী তৈরি করেছিলেন, অন্যান্য বিষয়ের মধ্যে, উক্ত সম্পত্তির মালিকানা দলিল-সহ কিছু নথি জমা করেছিলেন, যার ফলে উক্ত সুবিধাগুলি সুরক্ষিতভাবে লাভ করেছিলেন।

৩. আমরা এতদ্বারা আপনাদেরকে জানাচ্ছি যে, আপনারা উক্ত সুবিধার চুক্তির শর্তাবলী লঙ্ঘন করেছেন যার ফলে ঋণের পরিমাণ এবং তার উপর সুদ পরিশোধে খেলাপি হয়েছেন এবং বহুবার মনে করানো সত্ত্বেও উক্ত বকেয়া মূল্যের পরিমাণ পরিশোধ করতে ব্যর্থ হয়েছেন এবং পরিশোধের ক্ষেত্রে অবহেলা করেছেন। যেহেতু আসল সুদ এবং/ অথবা কিস্তি ৯০ দিনেরও বেশি সময় ধরে বাকি রয়েছে, আপনাদের ঋণ অ্যাকাউন্টের বইগুলিতে এটি একটি নন-পারফর্মিং অ্যাসেট (এনপিএ) হিসাবে শ্রেণিবদ্ধ করা হয়েছে। ৩০ **এপ্রিল** ২০১৪ তারিখ থেকে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক (আরবিআই) দ্বারা জারি করা সম্পদ শ্রেণিবিন্যাসের জন্য মাস্টার বিজ্ঞপ্তি/ নির্দেশিকা অনুসারে এটি করা হয়েছে।

৪. আমরা এতদ্বারা আপনাদেরকে অবহিত করছি যে আমরা সুরক্ষিত ঋণদাতা, এবং আমাদের প্রাপ্য ঋণ হল উপরোক্ত সম্পত্তির উপর একটি সুরক্ষিত ঋণ, যা আরএফএল-এর একটি সুরক্ষিত সম্পদ হিসাবে ধরা হবে। ৩১.০৭.২০২৪ তারিখ পর্যন্ত ব্যবসায়ের সাধারণ হিসাবে রক্ষণাবেক্ষণ করা অ্যাকাউন্টগুলির বিবৃতি অনুসারে, ঋণ অ্যাকাউন্টে মোট বকেয়া রয়েছে ২,৫২,৪২,৮৭৪.৬৭ **টাকা (দুই কোটি বাহান্ন লক্ষ বিয়াল্লিশ হাজার আটশো চুয়াত্তর টাকা সাতষট্টি পয়সা মাত্র)** যার বিবরণ তফসিল-১-এ রয়েছে (এখানে সংযুক্ত); যা আপনাদের জমা দিতে হবে। বকেয়ার পরিমানের সঙ্গে আপনাদের ৩১.০৭.২০২৪ তারিখের পরে ঋণ অ্যাকাউন্টে সুদ এবং ব্যয়ের খরচ জমা দিতেও দায়বদ্ধ।

৫. উপরের বিষয়টি বিবেচনা করে, আমি আরএফএল-এর পক্ষের একজন অনুমোদিত আধিকারিক হিসেবে, আপনাদেরকে উপরের মোট বকেয়া অর্থের পরিমাণ পরিশোধ করার আহ্বান জানাচ্ছি যার পরিমাণ ২,৫২,৪২,৮৭৪.৬৭ টাকা **(দুই কোটি বাহান্ন লক্ষ বিয়াল্লিশ হাজার আটশো চুয়াত্তর টাকা সাতষট্টি পয়সা মাত্র)** ঋণ অ্যাকাউন্টের ক্ষেত্রে ৬০ দিনের মধ্যে যা পরিশোধ করতে হবে, ব্যর্থ হলে আরএফএল সারফায়েসি আইনের ১৩ নং ধারার উপ-ধারা (৪)-এ উল্লিখিত সমস্ত বা যে কোনও অধিকার প্রয়োগ করতে বাধ্য হবে, যার মধ্যে সুরক্ষিত সম্পত্তির দখল নেওয়া এবং বকেয়া পুনরুদ্ধারের জন্য তা বিক্রয়ের বিধান অন্তর্ভুক্ত রয়েছে।

৬. দয়া করে মনে রাখবেন যে এই বিজ্ঞপ্তি সিকিউরাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর ১৩(২) ধারার অধীনে জারি করা হয়েছে। অনুগ্রহপূর্বক মনে রাখবেন যে, আপনাদের পক্ষ থেকে এই নোটিশে উল্লিখিত দাবি মেনে চলতে ব্যর্থ হলে, আরএফএল উক্ত আইনের ১৩ নং ধারার (৪) নং উপ-ধারাতে উল্লিখিত অন্যান্য সমস্ত অধিকার প্রয়োগের অধিকারী হবে, যার মধ্যে সুরক্ষিত ঋণ পুনরুদ্ধারের জন্য নিম্নলিখিত এক বা একাধিক ব্যবস্থাগ্রহণ অন্তর্ভুক্ত থাকবে, যথা:

ক) সুরক্ষিত সম্পত্তি অর্জনের জন্য ভাড়া, নিয়োগ বা বিক্রয়ের মাধ্যমে হস্তান্তরের অধিকার সহ ঋণগ্রহীতা/সহ-ঋণগ্রহীতাদের সুরক্ষিত সম্পত্তি দখল করা:

খ) ঋণগ্রহীতার সুরক্ষিত সম্পত্তির ব্যবস্থাপনার দায়িত্ব গ্রহণ করা, যার মধ্যে রয়েছে সুরক্ষিত সম্পদের দ্বারা লিজ, অ্যাসাইনমেন্ট বা বিক্রয়ের মাধ্যমে হস্তান্তরের অধিকার;

গ) সুরক্ষিত সম্পদের পরিচালনা করার জন্য যে কোনও ব্যক্তিকে (এরপরে ম্যানেজার হিসাবে উল্লিখিত) নিয়োগ করা, যার দখল সুরক্ষিত ঋণদাতার দ্বারা সম্পন্ন হবে

ঘ) যে কোনও সময় লিখিত বিজ্ঞপ্তির মাধ্যমে, যে কোনও ব্যক্তি যিনি ঋণগ্রহীতার কাছ থেকে কোনও সুরক্ষিত সম্পত্তি অর্জন করেছেন এবং যার কাছ থেকে কোনও অর্থ বাকি রয়েছে বা ঋণগ্রহীতার প্রাপ্য হতে পারে, তা সুরক্ষিত ঋণদাতাকে সুরক্ষিত ঋণ পরিশোধের জন্য যথেষ্ট পরিমাণ অর্থ হিসেবে জমা দিতে হবে।

৭. আপনার উদ্দেশ্যে বিজ্ঞপ্তি দ্বারা আরও জানানো হচ্ছে যে সারফায়েসি অ্যাক্ট, ২০০২-এর ধারা ১৩-এর উপ-ধারা (১৩)-এর পরিপ্রেক্ষিতে, আপনি, ঠিকানাপ্রাপ্তদের উপরোক্ত-সুরক্ষিত সম্পদের নিষ্পত্তি বা লেনদেন থেকে নিষেধ/নিষিদ্ধ অথবা আরএফএল-এর পূর্ব লিখিত সম্মতি ব্যতীত উপরে উল্লিখিত সুরক্ষিত সম্পদের বিক্রয়, ইজারা বা অন্যথায় কোনও তৃতীয় পক্ষের স্বার্থে (ব্যবসার সাধারণ কার্য ব্যতীত) কোনও রকম লেনদেন করতে পারবেন না। অনুগ্রহ করে মনে রাখবেন যে উক্ত আইনের ধারা ১৩(১৩) এ থাকা উপরোক্ত বিধানের সঙ্গে অ-সম্মতি, উল্লিখিত আইনের ধারা ২৯- এর অধীনে শাস্তিযোগ্য অপরাধ।

৮. এই সংক্রান্ত যেকোনও চিঠিপত্র নতুন দিল্লিতে উল্লিখিত অফিসের ঠিকানায় অনুমোদিত আধিকারিকের কাছে পাঠানো যেতে পারে। সেইহেতু আপনাকে এই বিজ্ঞপ্তিতে উপরি উল্লিখিত যে দাবি করা হয়েছে তা মেনে চলার পরামর্শ দেওয়া হচ্ছে এবং সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২- এর ধারা ১৩(৪) অনুযায়ী পরবর্তী পদক্ষেপ এড়াতে এই বিজ্ঞপ্তি প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে বকেয়া অর্থ পরিশোধ করতে হবে, যা আপনার খরচ এবং পরিণতির ভিত্তিতে হবে, **যার জন্য দয়া করে বিজ্ঞপ্তিটি দেখে নিন।**

তপশীল ২ (সুরক্ষিত/ বন্ধকী সম্পত্তির বিস্তারিত বিবরণ)

১টি (এক) ইউনিট/ ফ্ল্যাট যার ইউনিট/ ফ্ল্যাট নং ২বি- এর সমস্ত অংশের পরিমাপ ২২৫১ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া সম্পূর্ণ তৃতীয় তল এবং ভবনের গ্রাউন্ড ফ্লোরে একটি গাড়ি রাখার জায়গা, ভবনটি যে জমির উপর গঠিত তার সমস্ত অংশের পরিমাপ ৮ কাঠা ৫ ছটাক ১৫ বর্গফুট যার প্রেমিসেস নং ১১/৩এ, পরবর্তীতে ১১/৩এম, ওল্ড বালিগঞ্জ দ্বিতীয় লেন নামে পরিচিত, মৌজা- বালিগঞ্জ, ডিহি পঞ্চান্নগ্রাম, তৌজি নং ১২৯৮- এর মধ্যে, ডিভিশন ভি, সাব-ডিভিশন এইচ, জেলা- ২৪ পরগনা (দক্ষিণ), থানা- কড়েয়া, কলকাতা মিউনিসিপাল কর্পোরেশনের সীমার অন্তর্গত।

তারিখ: ২০.০৮.২০২৪
স্থান: কলকাতা

স্বাক্ষর/- অনুমোদিত আধিকারিক,
মেসার্স রেলিগেয়ার ফিনভেস্ট লিমিটেড

website:www.ayush.gov.in

সত্যমেব জয়তে

আয়ুষ মন্ত্রক
‘‘আয়ুষ ভবন’’
‘বি’ ব্লক, জিপিও কমপ্লেক্স,
আইএনএ, নতুন দিল্লি– ১১০ ০২৩

F No. Y.18011/7/2020-EP(III) তারিখ ...২০২৪

বিজ্ঞপ্তি

ন্যাশনাল কমিশন ফর ইন্ডিয়ান সিস্টেম অফ মেডিসিন (এনসিআইএসএম)–এর আংশিক সময়ের সদস্যের ০১টি পদ, বোর্ড অফ আয়ুর্বেদ–এর ০২টি সদস্যপদ। বোর্ড অফ ইউনানি, সিদ্ধা এবং সোয়া–রিগপা–এর ০৫টি সদস্যপদ, মেডিক্যাল অ্যাসেসমেন্ট অ্যান্ড রেটিং বোর্ড ফর ইন্ডিয়ান সিস্টেম অফ মেডিসিন–এর ০৩টি সদস্যপদ (আই এস এম) এবং ০২টি সদস্যপদ (অ্যাক্রেডিশন এক্সপার্ট) বোর্ড অফ এথিক্স অ্যান্ড রেজিস্ট্রেশন ফর ইন্ডিয়ান সিস্টেম অফ মেডিসিন–এর ০২টি সদস্যপদ (কোয়ালিটি অ্যাসিওরেন্স/পাবলিক হেলথ/ল’অর পেসেন্ট অ্যাডভোকেন্সি)–এর জন্য আবেদনপত্র আহ্বান করা হচ্ছে।

১. আবেদনকারীকে আবেদন গ্রহণের বন্ধের তারিখে অবশ্যই ৬৫ বছরের বয়সের কম হতে হবে।
২. আবেদন গ্রহণের শেষ তারিখ এমপ্লয়মেন্ট নিউজপেপারে বিজ্ঞাপন প্রকাশের তারিখ থেকে ৩০ দিন।
৩. বিজ্ঞাপনের বিশদ এবং আবেদনের আকার আয়ুষ মন্ত্রকের ওয়েবসাইট **www.ayush.gov.in** স্থানে প্রদান করতে হবে এবং ডাউনলোড করা যাবে।
৪. যদি কোনও প্রার্থী একটি পদের থেকে বেশি পদের জন্য আবেদনে আগ্রহী থাকেন, সেক্ষেত্রে প্রতি পদের জন্য ভিন্ন আবেদন জমা করতে হবে।
৫. নির্ধারিত আকারে সঠিক ভাবে পূরণ করা আবেদনপত্র–সহ সকল প্রযোজ্য শংসাপত্রের প্রত্যয়িত/স্বপ্রত্যয়িত কপি পাঠাতে হবে নিম্নলিখিত ঠিকানায়: সেক্রেটারি, আয়ুষ মন্ত্রক, আয়ুষ ভবন, বি–ব্লক, জিপিও কমপ্লেক্স, আইএনএ, নতুন দিল্লি– ১১০০২৩, যেখানে খামের ওপর লিখতে হবে " Application for the Post of ...(respective post) in the National Commission for Indian System of Medicine.

CBC 17201/11/0014/2425

Aajkaal: 07.09.2024: Kolkata, Siliguri

আধার হাউজিং ফিনান্স লিমিটেড
Aadhar Housing Finance Ltd
কর্পোরেট অফিস: ৮০২, নটরাজ বাই রুস্তমজি, ওয়েস্টার্ন এক্সপ্রেস হাইওয়ে, স্যার এম ভি রোড, আন্ধেরি ইস্ট, মুম্বই– ৪০০০৬৯, মহারাষ্ট্র
কলকাতা ব্রাঞ্চ অফিস: অফিস নং ১ই, দ্বিতীয় তল, প্রেমিসেস নং ২, গোবিন্দ ভবন, বিপ্লবী ত্রৈলোক্য মহারাজ সরণি (ব্র্যাবোর্ন রোড), কলকাতা–৭০০০০১, পশ্চিমবঙ্গ

দখল বিজ্ঞপ্তি [পরিশিষ্ট–IV] (স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু, আধার হাউজিং ফিনান্স লিমিটেড (এএইচএফএল)–এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৩–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(১২) ধারাধীনে তাঁর ওপর অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে উল্লিখিত ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)–এর প্রতি কোম্পানির অনুমোদিত আধিকারিক হিসেবে দাবি বিজ্ঞপ্তি(সমূহ) জারি করেছিলেন যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিতে উল্লিখিত পরিমাণ অর্থাঙ্ক আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।
উক্ত ঋণগ্রহীতা দাবিকৃত অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ) এবং জনসাধারণের জ্ঞাতার্থে জানানো হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩ ধারার (৪) নং উপধারাধীনে তাঁর ওপর অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন। এতদ্দ্বারা উক্ত অ্যাক্টের ১৩ ধারার (৮) নং উপধারার সংস্থান মোতাবেক প্রাপ্য মেয়াদের মধ্যে নিম্নলিখিত সুরক্ষিত পরিসম্পদগুলি ছাড়ানোর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে। বিশেষত উক্ত ঋণগ্রহীতা এবং জনসাধারণকে এতদ্দ্বারা নিম্নোক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও লেনদেন নীচে উল্লিখিত পরিমাণ অর্থাঙ্ক ও তদুপরি সুদ সমেত এএইচএফএল–এর দায় সাপেক্ষ হবে।

ক্রম নং	ব্রাঞ্চের নাম / ঋণগ্রহীতা(গণ)/ সহ–ঋণগ্রহীতা(গণ)–এর নাম	সুরক্ষিত পরিসম্পদের বিবরণ (স্থাবর সম্পত্তি)	দাবি বিজ্ঞপ্তির তারিখ এবং দাবিকৃত অর্থাঙ্ক	দখলের তারিখ
১	(লোন কোড **১২৭০০০০০১৫৩ কলকাতা** ব্রাঞ্চ), সীমা মুখার্জি **(ঋণগ্রহীতা)** উত্তম মুখার্জি **(সহ–ঋণগ্রহীতা)**, মিতা মুখার্জি **(জামিনদার)**	জি+৩ তলা বিল্ডিং এর উত্তর–পশ্চিম–দক্ষিণ অংশে ২য় ফ্লোরে ফ্ল্যাট নং বি–১ এর সকল অপরিহার্য অংশ যার পরিমাপ কমবেশি ৫৮১ বর্গফুট (সুপার বিল্ট) যা নির্মিত কমবেশি ১ কাঠা ১৫ ছটাক জমির উপর যা প্লট নং ২০১(পি) এবং ২০৩(পি) এর অংশ এস পি নং ১৮২২/৭, জে এল নং ৩, মৌজা– বেলঘরিয়া, থানা– বেলঘরিয়া, জেলা– উত্তর ২৪ পরগনা, পৌরসভা হোল্ডিং নং ৫২৭, বিং প্রেমিসেস নং ১৩২ নবীন পল্লী, ওয়ার্ড নং ২২, কামারহাটি পুরসভা। চৌহদ্দি: পূর্বে: অনিল চক্রবর্তী, পশ্চিমে: ১৫ ফুট চওড়া নবীন পল্লী রোড, উত্তরে: শ্রীমতী বলাকা সেন, দক্ষিণে: শ্রীমতী রত্না দত্ত।	**১৮ জুলাই ২২ ₹ ১১৬৪০৫৮/–**	০৩ সেপ্টে. ২৪

স্থান: কলকাতা তারিখ: ০৭.০৯.২০২৪
অনুমোদিত আধিকারিক, আধার হাউসিং ফিনান্স লিমিটেড

AXIS BANK
অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড
এসি মার্কেট বিল্ডিং, চতুর্থ তল, ১, শেক্সপিয়র সরণি, কলকাতা–৭০০০৭১

দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)
[সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(১)–সহ পঠনীয় পরিশিষ্ট IV মোতাবেক]

যেহেতু, অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড–এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৩–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(১২) ধারাধীনে তাঁর ওপর অর্পিত ক্ষমতাবলে নিম্নলিখিত ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)–এর দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক চুক্তিমতো হারে সুদ, জরিমানা বাবদ সুদ, চার্জ, মাশুল ইত্যাদি সমেত ওই বিজ্ঞপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।
উক্ত ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ) বিজ্ঞপ্তিতে উল্লিখিত পরিমাণ অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ) এবং জনসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসমূহের রুল নং ৮–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) ধারাধীনে তাঁর ওপর অর্পিত ক্ষমতাবলে নীচে উল্লিখিত তারিখে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
বিশেষত ওই ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ) এবং জনসাধারণকে এতদ্দ্বারা উক্ত সম্পত্তি নিয়ে কোনওরূপ লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও প্রকার লেনদেন দাবি বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক এবং তৎসহ দাবি বিজ্ঞপ্তির তারিখ থেকে চুক্তিমতো হারে সুদ, জরিমানা বাবদ সুদ, চার্জ, মাশুল ইত্যাদি সমেত অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড–এর দায় সাপেক্ষ হবে।
সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থান অনুযায়ী প্রাপ্য মেয়াদের মধ্যে এই সুরক্ষিত পরিসম্পদগুলি ছাড়ানোর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

ঋণগ্রহীতা/জামিনদারের নাম ও ঠিকানা	ক) বিজ্ঞপ্তির তারিখে বকেয়া অর্থাঙ্ক খ) দাবি বিজ্ঞপ্তির তারিখ গ) দখলের তারিখ (প্রতীকী)
শ্রী তুলসী সেনগুপ্ত, পিতা– ব্রজেন্দ্রনাথ সেনগুপ্ত, ৩৮, ভারতনগর, ২৪, শিলিগুড়ি, গুরুসদয় দত্ত রোড, পোঃ– রবীন্দ্র সরণি, দার্জিলিং, পশ্চিমবঙ্গ, পিন–৭৩৪৪০৪, আরও: প্লট নং ১২৭৪৫, খতিয়ান নং ৮১৪, মৌজা– শিলিগুড়ি, জে এল নং ১১০ (৮৮), পরগনা– বৈকুণ্ঠপুর, থানা– শিলিগুড়ি, এডিএসআরও– শিলিগুড়ি, ওয়ার্ড নং ২৪, জেলা– দার্জিলিং, পশ্চিমবঙ্গ, পিন–৭৩৪৪০৪	ক) **₹ ২,৯৫,৪৮৭/–** (দুই লক্ষ পঁচানব্বই হাজার চারশো সাতাশি টাকা মাত্র), লোন অ্যাকা নং PH0350100165247 ক্ষেত্রে ১৭.০৫.২০২৪ অনুযায়ী বকেয়া (সুদ প্রযুক্ত ১৭.০৫.২০২৪ পর্যন্ত) **খ) ১৭.০৫.২০২৪ গ) ০৪.০৯.২০২৪**

স্থাবর সম্পত্তি (জামিনযুক্ত সম্পদ)–এর বিবরণ

সূচি ক: (বন্ধক রাখা সম্পত্তিতে জমির বিবরণ): মোট ০.০৮ একর বা ৪ কাঠা ১২ ছটাক ১৭ বর্গফুট জমির সকল অপরিহার্য অংশ, যার প্লট নং ১২৭৪৫, খতিয়ান নং ৮১৪, মৌজা– শিলিগুড়ি, জে এল নং ১১০ (৮৮), তৌজি নং ৩ (জেএ), পরগনা– বৈকুণ্ঠপুর, শিলিগুড়ি পৌরসভা অধীনে ওয়ার্ড নং ২৪, থানা– শিলিগুড়ি, এডিএসআরও– শিলিগুড়ি, জেলা– দার্জিলিং, পশ্চিমবঙ্গ, পিন– ৭৩৪৪০৪। সম্পত্তির চৌহদ্দি এইরূপে: উত্তরে– শ্রী গৌড় সাহার জমি, দক্ষিণে– ৩০ ফুট চওড়া গুরুসদয় দত্ত রোড, পূর্বে– রূপক প্রধানের জমি এবং বীরেন সরকারের জমি ও অন্যরা, পশ্চিমে– ২০ ফুট চওড়া রাস্তা।
সূচি খ (বন্ধক রাখা সম্পত্তির বিবরণ): আংশিক গাড়ি রাখবার জায়গা + তিনতলা এবং তিনতলা বাসযোগ্য ও ব্যবসায়িক বিল্ডিং–এর গ্রাউন্ড ফ্লোরের সামনের দিকে মোজাইক মেঝেযুক্ত ফ্ল্যাটের সকল অপরিহার্য অংশ, যার সুপার বিল্ট পরিমাপ ৮৭৪ বর্গফুট এবং ৮০ বর্গফুট পরিমাপের সিমেন্টের মেঝেযুক্ত গ্যারেজ, অবস্থিত ভরতনগর, শিলিগুড়ি, তৎসহ যে জমির ওপর বিল্ডিং নির্মিত, তার অবিভাজ্য আনুপাতিক অংশ (সূচি ক স্থানে বিবৃত), তৎসহ বিল্ডিংয়ের সাধারণ অঞ্চল ও সুবিধাদির অধিকার। বিক্রিত ফ্ল্যাটে ২ (দুই) টি শোবার ঘর, ১ (এক)টি বসবার ও খাবার ঘর, ১(এক) টি টয়লেটে এবং ১ (এক)টি ব্যালকনি রয়েছে।

তারিখ: ০৭.০৯.২০২৪
স্থান: শিলিগুড়ি

অনুমোদিত আধিকারিক
অ্যাক্সিস ব্যাঙ্ক লিঃ